# এসএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## হিসাববিজ্ঞান

বিষয় কোড : ১৪৬

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট　　সৃজনশীল প্রশ্ন　　পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ১নং ও ২নং প্রশ্নসহ যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

### ক বিভাগ (বাধ্যতামূলক)

১. জহির এন্ড ব্রাদার্সের ২০১৪ সালের ৩১ শে ডিসেম্বর তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিচে দেওয়া হলো :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ৯৫,০০০ | ১,৪০,০০০ |
| ২. | পণ্য ফেরত | | ৪,০০০ | ৩,০০০ |
| ৩. | মজুরি | | ১০,০০০ | |
| ৪. | ক্রয় পরিবহন | | ২,০০০ | |
| ৫. | বিক্রয় পরিবহন | | ৮০০ | |
| ৬. | বীমা প্রিমিয়াম | | ৫,০০০ | |
| ৭. | শিক্ষানবীস ভাতা ও সেলামী | | ৫,০০০ | ২,৫০০ |
| ৮. | অনাদায়ী দেনা | | ১,০০০ | |
| ৯. | কমিশন প্রাপ্তি | | | ২,৬০০ |
| ১০. | যন্ত্রপাতি | | ৪০,০০০ | |
| ১১. | বেতন (১৩ মাস) | | ১৩,০০০ | |
| ১২. | উত্তোলন ও মূলধন | | ১৭,০০০ | ১,০০,০০০ |
| ১৩. | হাতে নগদ | | ২৫,০০০ | |
| ১৪. | দেনাদার ও পাওনাদার | | ৩৫,০০০ | ১৯,৭০০ |
| ১৫. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৫,০০০ | |
| | মোট | | ২,৬৭,৮০০ | ২,৬৭,৮০০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্যের বাজারমূল্য ২৫,৫০০ টাকা এবং ক্রয়মূল্য ৩৫,০০০ টাকা। (২) স্থায়ী সম্পদের উপর ১০% অবচয় ধরতে হবে। (৩) খরিদ্দার কর্তৃক পণ্য ফেরত আসল ২,০০০ টাকা। (৪) অলিখিত বিক্রয় ২,০০০ টাকা। দেনাদারের ২,০০০ টাকা আদায়যোগ্য নয় এবং অবশিষ্ট দেনাদারের ৫% কুঋণ সঞ্চিতি ধার্য কর।

ক. প্রকৃত দেনাদারের পরিমাণ নির্ণয় কর। ২

খ. জহির এন্ড ব্রাদার্সের মোট মুনাফার পরিমাণ কত? ৪

গ. জহির এন্ড ব্রাদার্সের নিট মুনাফার পরিমাণ নির্ণয় কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

২. আরমান এন্ড কোং এর ৩১ শে ডিসেম্বর, ২০১৪ তারিখের রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিচে দেওয়া হলো :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৫,০০০ | |
| ২. | পণ্য ক্রয় ও বিক্রয় | | ৪০,০০০ | ১,০৫,০০০ |
| ৩. | বেতন | | ৫,০০০ | |
| ৪. | পণ্য ফেরত | | ২,০০০ | ১,০০০ |
| ৫. | বীমা প্রিমিয়াম | | ৭৫০ | |
| ৬. | ব্যবসায়িক বাট্টা | | ১,০৫০ | ৭৫০ |
| ৭. | পরিবহন | | ২,৫০০ | |
| ৮. | বিজ্ঞাপন খরচ | | ২,৭৫০ | |
| ৯. | বাট্টা প্রাপ্তি | | | ১,০০০ |
| ১০. | শিক্ষানবীস সেলামি (২ বছরের জন্য) | | | ২,৬০০ |
| ১১. | শিক্ষানবীস ভাতা | | ১,৩০০ | |
| ১২. | দেনাদার | | ৪০,০০০ | |
| | মোট | | ১,১০,৩৫০ | ১,১০,৩৫০ |

**সমন্বয়সমূহ :** (১) সমাপনী মজুদ পণ্য ১২,৩০০ টাকা। (২) পণ্য ক্রয় ২,০০০ টাকা হিসাবভুক্ত হয়নি। (৩) মালিক কর্তৃক পণ্য উত্তোলন ১,০০০ টাকা। (৪) দেনাদারের উপর ৪% হারে অনাদায়ী পাওনা সঞ্চিতি ধরতে হবে। (৫) বিজ্ঞাপন খরচ ৫ বছরের জন্য পরিশোধ করা হয়েছে।

**ক. অপরিচালন আয়ের পরিমাণ নির্ণয় কর।** ২

**খ. আরমান এন্ড কোং এর মোট মুনাফার পরিমাণ কত?** ৪

**গ. আরমান এন্ড কোং এর ব্যবসায়ের চলতি অনুপাত এবং মোট মুনাফা অনুপাত নির্ণয় কর।** ৪

## খ বিভাগ

৩. জনাব হেলাল মে ২০১৪ তারিখে তার আইন ব্যবসায় চালু করেন। প্রথম মাসের ঘটনাগুলো নিম্নরূপ :

মে ১ আইন পেশায় ১,৫০,০০০ টাকা বিনিয়োগ করা হলো।

" ৪ মে মাসের অফিস ভাড়া পরিশোধ করা হলো ১২,০০০ টাকা।

http://teachingbd.com

" ৮ ধারে অফিসের জন্য যন্ত্রপাতি ক্রয় করা হলো ২৫,০০০ টাকা।

" ১২ মক্কেলদের নগদে আইনি সেবা দেয়া হলো ৮,০০০ টাকা।

" ১৬ অফিস কর্মচারীর বেতন পরিশোধ ৪,০০০ টাকা।

" ২৫ ব্যাংক থেকে ধার নেয়া হলো ৩৫,০০০ টাকা।

" ২৭ মক্কেলদের ধারে আইনি সেবা দেয়া হলো ১০,০০০ টাকা।

" ৩০ বাকীতে ক্রীত যন্ত্রপাতির মূল্য পরিশোধ ১৫,০০০ টাকা।

ক. অফিস যন্ত্রপাতির অপরিশোধিত মূল্য কত? ২

খ. মাস শেষে জনাব হেলালের স্বত্বাধিকারের পরিমাণ নির্ণয় কর। ৪

গ. মে মাসের লেনদেনের দ্বারা হিসাব সমীকরণের উপাদানসমূহের উপর প্রভাব দেখাও। ৪

৪. জনাব নাছিমা খানের ব্যবসায় প্রতিষ্ঠানের জুন, ২০১৪ মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

| | |
|---|---|
| ব্যবসায়ে মূলধন আনয়ন | ২,৫০,০০০ টাকা |
| পণ্য ক্রয় | ৭,০০,০০০ টাকা |
| বৈদ্যুতিক যন্ত্রপাতি ক্রয় | ৪,০০,০০০ টাকা |
| বিনিয়োগের সুদ প্রাপ্তি | ৪,০০০ টাকা |
| আসবাবপত্র বিক্রয়জনিত লাভ | ২,৪০০ টাকা |
| আমদানী শুল্ক পরিশোধ | ৫,০০০ টাকা |
| ব্যাংক হতে ঋণ গ্রহণ | ৭,৫০,০০০ টাকা |
| পণ্য বিক্রয় | ৩০,০০০ টাকা |
| শিক্ষানবীশ সেলামী | ৪০,০০০ টাকা |

ক. জনাব নাছিমা খানের নিয়মিত খরচের পরিমাণ কত? ২

খ. জনাব নাছিমা খানের সে সকল লেনদেন বিশদ আয় বিবরণীতে অন্তর্ভুক্ত হবে তার পরিমাণ নির্ণয় কর। ৪

গ. জনাব নাছিমা খানের মূলধন জাতীয় প্রাপ্তি এবং মুনাফা জাতীয় প্রাপ্তির মোট পরিমাণ নির্ণয় কর। ৪

৫. জনাব আরাফাতের ব্যবসায়ের ২০১৫ সালের জুলাই মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুলাই ১ নগদ ২০,০০০ টাকা, আসবাবপত্র ১৫,০০০ টাকা এবং ঋণ ৫,০০০ টাকা নিয়ে ব্যবসায় শুরু করা হলো।

Teachingbd.com

" ১০ জারিন ট্রেডার্সের নিকট প্রতি কেজি ১২০ টাকা দরে ৫০ কেজি মসুর ডাল বিক্রয়। কারবারি বাট্টা ১০%। চালান নং ১১০।

" ১৬ পুরাতন আসবাবপত্র বিক্রয় ৪,৫০০ টাকা।

" ২০ ভাড়া অগ্রিম পরিশোধ করা হলো ৫,০০০ টাকা।

" ২৮ ব্যক্তিগত প্রয়োজনের পণ্য উত্তোলন ৮০০ টাকা।

" ৩০ ৫% বাট্টায় জারিন ট্রেডার্সের নিকট হতে সম্পূর্ণ অর্থ পাওয়া গেল।

ক. জনাব আরাফাতের প্রারম্ভিক মূলধনের পরিমাণ কত? ২

খ. ৫ তারিখের লেনদেনের ভিত্তিতে একটি চালান তৈরি কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে সাধারণ জাবেদা প্রস্তুত কর। ৪

৬. আফসানা এন্টারপ্রাইজ ২০১৪ সালের মার্চ মাসে ব্যবসায় সংক্রান্ত নিম্নোক্ত তথ্য সরবরাহ করে :

মার্চ ১ হাতে নগদ ৫০,০০০ টাকা এবং ব্যাংক জমার উদ্বৃত্ত ২০,০০০ টাকা।

" ৬ পণ্য ক্রয় ২৫,০০০ টাকা যার ৫০% নগদে এবং ৫০% বাকীতে।

" ৭ আহসান এর নিকট হতে ৫,০০০ টাকার পূর্ণ নিষ্পত্তিতে ৪,৮০০ টাকা পাওয়া গেল।

" ১৩ জাহাঙ্গীরের নিকট ৮,০০০ টাকা পণ্য বিক্রয়।

" ১৮ কবিরকে ঋণ প্রদান ১০,০০০ টাকা।

" ২৫ বকেয়া বেতন পরিশোধ ৫,০০০ টাকা।

" ৩০ আসবাবপত্র ক্রয় ১৫,০০০ টাকা।

ক. যে সকল লেনদেন নগদান বইতে অন্তর্ভুক্ত হবে না তার পরিমাণ নির্ণয় কর। ২

খ. উপর্যুক্ত লেনদেনের আলোকে নগদ প্রদান জাবেদায় লিপিবন্ধ কর। ৪

গ. উদ্দীপকের ভিত্তিতে আফসানা এন্টারপ্রাইজের তিনঘরা নগদান বই প্রস্তুত কর। ৪

৭. জনাব শওকত একজন পাইকারি ব্যবসায়ী। ২০১৫ সালের জুন মাসের কতিপয় লেনদেন নিম্নরূপ :

জুন ১ জামিল ট্রেডার্সের নিকট হতে প্রতি কেজি ১০০ টাকা দরে ৬০ কেজি মিনিকেট চাল ক্রয়। কারবারি বাট্টা ১০%। চালান নং ১১০।

Teachingbd.com

" ১০ শাহিন এন্ড ব্রাদার্সের নিকট হতে প্রতি কেজি ৬০ টাকা দরে ৮০ কেজি চাল ক্রয়। কারবারি বাট্টা ৫%। চালান নং ১১২।

" ১৮ জামিল ট্রেডার্সকে ২০ কেজি মিনিকেট চাল নষ্ট হওয়ার কারণে ফেরত দেয়া হলো। ডেবিট নোট ১৫০।

" ৩০ কর্মচারি রায়হানের বেতন অপরিশোধিত ২,০০০ টাকা।

ক. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে ক্রয় জাবেদা তৈরি কর। ২

খ. উপর্যুক্ত ক্রয় জাবেদা ভিত্তিতে T ছকে সহকারী খতিয়ান প্রস্তুত কর। ৪

গ. উপর্যুক্ত লেনদেনের ভিত্তিতে সাধারণ খতিয়ান প্রস্তুত কর। ৪

৮. ৩১ ডিসেম্বর, ২০১৩ তারিখের দুলাল ট্রেডার্সের অশুদ্ধ রেওয়ামিল নিম্নরূপ :

| ক্র. নং | হিসাবের নাম | খ. পৃ. | ডেবিট টাকা | ক্রেডিট টাকা |
|---|---|---|---|---|
| ১. | পণ্য বিক্রয় | | ১,৪০,০০০ | |
| ২. | ক্রয় | | | ৬০,০০০ |
| ৩. | মজুরি ও বেতন | | ১০,০০০ | |
| ৪. | অগ্রিম শিক্ষানবীস সেলামী | | | ১০,০০০ |
| ৫. | ক্রয় ফেরত | | ৫,০০০ | |
| ৬. | বহিঃপরিবহন | | ৮,০০০ | |
| ৭. | আয়কর | | ২,০০০ | |
| ৮. | বকেয়া বিনিয়োগের সুদ | | ১০,০০০ | |
| ৯. | প্রদেয় হিসাব | | | ১২,০০০ |
| ১০. | প্রাপ্য হিসাব | | ১০,০০০ | |
| ১১. | উপভাড়া | | ১৫,০০০ | |
| ১২. | প্রারম্ভিক ব্যাংক জমা | | ১,০০০ | |
| ১৩. | সমাপনী হাতে নগদ | | | ১,৫০০ |
| ১৪. | প্রারম্ভিক মজুদ পণ্য | | ১৩,৫০০ | |
| ১৫. | ১০% বিনিয়োগ | | | ২৫,০০০ |
| ১৬. | কমিশন | | | ১,০০০ |
| | মোট | | | |

ক. কোন কোন দফাগুলো রেওয়ামিলে অন্তর্ভুক্ত হবে না, তা নির্ণয় কর। ২

খ. শাহিন এন্ড ট্রেডার্সের চলতি সম্পদ ও চলতি দায় এর পরিমাণ নির্ণয় কর। ৪

গ. উপর্যুক্ত উদ্বৃত্তগুলো দ্বারা একটি রেওয়ামিল তৈরি কর। ৪

Teachingbd.com

# হিসাববিজ্ঞান : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট | পূর্ণমান — ৪০ | বিষয় কোড : ১৪৬

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. হ্যাপী ট্রেডার্সের রেওয়ামিলে ১০ মাসের বেতন ১২,০০০ টাকা হলে তার বকেয়া বেতনের পরিমাণ কত?
ⓚ ১,২০০ টাকা ⓚ ২,০০০ টাকা
ⓖ ২,৪০০ টাকা ⓖ ১৪,৪০০ টাকা

২. কোন পেশা বা বৃত্তি শিক্ষা দেয়ার বিনিময়ে ব্যবসায় প্রতিষ্ঠান যে অর্থগ্রহণ করে, তাকে কী বলা হয়?
ক সেবামূলক আয় খ ব্যবসা বহির্ভূত আয়
গ শিক্ষানবিস সেলামি ঘ শিক্ষানবিস ভাতা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ৩ ও ৪ নং প্রশ্নের উত্তর দাও :
২০১৫ সালের ৯ জানুয়ারি সুরমা ট্রেডার্স ৫ লক্ষ টাকার আলমারি ও সোফা ক্রয় করে অর্ধেকটা বিশেষ জাবেদায় এবং অর্ধেক প্রকৃত জাবেদায় লিপিবদ্ধ করল।

৩. প্রকৃত জাবেদার মাধ্যমে সুরমা ট্রেডার্সের কোনটি বৃদ্ধি পায়?
ক ব্যয় খ আয়
গ ক্ষতি ঘ দায়

৪. লেনদেনটির ফলে ব্যবসায়ের বৃদ্ধি পায়—
i. আড়াই লক্ষ টাকার সম্পদ
ii. পাঁচ লক্ষ টাকার সম্পদ
iii. আড়াই লক্ষ টাকার ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৫. দেনা-পাওনা নিষ্পত্তির ক্ষেত্রে যে ছাড় বা মওকুফ করা হয় তাকে কী বলে?
ক কারবারি বাট্টা খ নগদ বাট্টা
গ পরিমাণ বাট্টা ঘ কমিশন

৬. বি/ডি বলতে কী বুঝায়?
ক সম্মুখ থেকে আনীত খ নিচে নীত
গ উপর থেকে আনীত ঘ পেছন হতে আনীত

৭. খতিয়ান হিসাবের দু'দিকের যোগফলের পার্থক্য নির্ণয় করাকে কী বলে?
ক যোগকরণ খ জের টানা বা ব্যালেন্সিং
গ সমানকরণ ঘ পার্থক্যকরণ

৮. হিসাব বলতে কী বোঝায়?
ক কারবারের মোট আয়-ব্যয়সমূহ
খ কারবারের মোট সম্পদসমূহ
গ কারবারের সকল লেনদেনসমূহ
ঘ লেনদেনের শ্রেণিবদ্ধ ও সংক্ষিপ্ত বিবরণী

৯. নগদান বই জানতে সহায়তা করে—
i. পাওনা আদায়ের পরিমাণ
ii. দেনা পরিশোধের পরিমাণ
iii. নিয়মিত খরচের পরিমাণ
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১০. পাট ব্যবসায়ী জনাব পাটোয়ারী ৫,০০০ টাকা দরে ১০ কুইন্টাল পাট ক্রয় করে ১০% লাভে বিক্রয় করেন। প্রতি কুইন্টাল পাটের বিক্রয়মূল্য কত?
ক ৪,৫০০ টাকা খ ৫,৫০০ টাকা
গ ৫০,০০০ টাকা ঘ ৫৫,০০০ টাকা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও :
জনাব ফাহিম ৫০,০০০ টাকার পণ্য জনাব তামীমের নিকট বিক্রয় করেন এবং নগদে ৩০,০০০ টাকা গ্রহণ করেন।

১১. জনাব ফাহিমের লেনদেনটির উৎস দলিল কোনটি?
ক ভাউচার খ ডেবিট নোট
গ ক্রেডিট নোট ঘ চালান

১২. জনাব ফাহিমের হিসাবরক্ষক সংরক্ষণ করবে—
i. ক্রেডিট ভাউচার
ii. ক্যাশমেমো
iii. চালান
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৩. লেনদেনটির ফলে জনাব ফাহিমের ব্যবসায়ের পরিবর্তন হয়—
i. নগদ অর্থের
ii. দেনাদারের
iii. পাওনাদারের
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

১৪. রেওয়ামিল তৈরির মূল উদ্দেশ্য কী?
ক আর্থিক অবস্থা নির্ধারণ
খ গাণিতিক শুদ্ধতা যাচাই
গ ভুলত্রুটি উদঘাটন
ঘ হিসাবের একত্রিকরণ

১৫. হিসাবের প্রাথমিক বই হওয়া সত্ত্বেও নগদান বই কিসের ন্যায় কাজ করে?
ক সহায়ক বই খ প্রধান বই
গ একমাত্র বই ঘ বিশেষ বই

১৬. কারবারের ব্যবহারের উদ্দেশ্য, ক্রীত সম্পত্তি বিক্রয় করা হলে কোন হিসাবটি ক্রেডিট হবে?
ক ক্রয় খ সংশ্লিষ্ট সম্পত্তি
গ নগদান ঘ বিক্রয়

১৭. কাব্য ট্রেডার্সের ব্যবহৃত একটি ফ্যান ৩,০০০ টাকায় বিক্রয় করে যার ক্রয়মূল্য ২,৫০০ টাকা। এখানে মূলধনজাতীয় আয় কত?
ক ৫০০ টাকা খ ২,৫০০ টাকা
গ ৩,০০০ টাকা ঘ ৫,৫০০ টাকা

■ নিচের উদ্দীপকটি পড় এবং ১৮ ও ১৯ নং প্রশ্নের উত্তর দাও :
নবগঠিত পরিবারের প্রধান হিসাবে জনাব দীপু ২০১৫ সালে পিতার নিকট থেকে ৫০,০০০ টাকা পেলেন। শিক্ষকতা থেকে মোট সম্মানি পেলেন ২,৫০,০০০ টাকা এবং পৈত্রিক জমি বিক্রয় থেকে পেলেন ১,৫০,০০০ টাকা।

http://teachingbd.com

১৮. **জনাব দীপুর মূলধনজাতীয় প্রাপ্তি কত?**
ক ৫০,০০০ টাকা খ ১,৫০,০০০ টাকা
গ ২,০০,০০০ টাকা ঘ ২,৫০,০০০ টাকা

১৯. **জনাব দীপুর মুনাফাজাতীয় আয়ের পরিমাণ কত?**
ক ৫০,০০০ টাকা খ ১,৫০,০০০ টাকা
গ ২,০০,০০০ টাকা ঘ ২,৫০,০০০ টাকা

২০. **প্রান্ত সম্মানী জনাব দীপুর পরিবারের—**
i. মুনাফাজাতীয় আয়
ii. মুনাফাজাতীয় প্রাপ্তি
iii. নিয়মিত আয়
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২১. **কোনটি প্রশাসনিক উপরিব্যয়?**
ক অফিস আপ্যায়ন খ বিজ্ঞাপন
গ শোরুম খরচ ঘ যন্ত্রপাতির অবচয়

২২. **অনাদায়ী পাওনা কোন জাতীয় হিসাব?**
ক সম্পদ খ দায়
গ ব্যয় ঘ আয়

২৩. **হিসাবচক্রের প্রথম ধাপ কোনটি?**
ক ব্যবসায় শনাক্তকরণ খ লেনদেন শনাক্তকরণ
গ লেনদেন বিশ্লেষণ ঘ জাবেদাভুক্তকরণ

২৪. **ব্যবসায়ের ভাষা বলা হয় কোনটিকে?**
ক প্রতিবেদনকে খ হিসাব তথ্যকে
গ আর্থিক বিবরণীকে ঘ হিসাববিজ্ঞানকে

২৫. **একটি ব্যবসায়ের চালিকাশক্তি কোনটি?**
ক মূলধন খ স্থায়ী সম্পদ
গ মজুদ পণ্য ঘ নগদ অর্থ

২৬. **যেসব নামে হিসাব লেখা হয় না তা হলো—**
i. পণ্য
ii. মাল
iii. চেক
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৭. **বছরের শুরুতে জনাব আয়মানের পরিবারের স্থায়ী সম্পত্তি ১,০০,০০০ টাকা, ব্যাংক ঋণ ৮০,০০০ টাকা, এবং হাতে নগদ ছিল ২০,০০০ টাকা তিনি এ বছরই ৫০,০০০ টাকা ঋণ পরিশোধের সিদ্ধান্ত নিলেন। এ সিদ্ধান্তের প্রভাব পড়বে—**
i. পারিবারিক সচ্ছলতায়
ii. পারিবারিক তহবিল হ্রাসে
iii. সম্পত্তির পরিমাণ হ্রাসে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

২৮. **বিগত বছরের অগ্রিম বেতন প্রাপ্তি, বর্তমান বছর—**
ক থেকে বাদ দিতে হবে খ সহিত যোগ দিতে হবে
গ সহিত গুণ দিতে হবে ঘ থেকে ভাগ দিতে হবে

২৯. **হিসাববিজ্ঞানের স্বীকৃত রীতি-নীতি লঙ্ঘনের মাধ্যমে কোন ধরনের ভুল হয়?**
ক পরিপূরক ভুল খ নীতিগত ভুল
গ লেখার ভুল ঘ বেদাখিলার ভুল

৩০. **কাঁচামালের প্রারম্ভিক মজুদ + কাঁচামাল ক্রয় ক্রীত কাঁচামাল ফেরত =?**
ক ব্যবহৃত কাঁচামালের খরচ
খ মুখ্য ব্যয়
গ ব্যবহার উপযোগী কাঁচামাল
ঘ উৎপাদিত পণ্যের ব্যয়

৩১. **বাকিতে পণ্য ক্রয়-বিক্রয়ের প্রামাণ্য দলিল কোনটি?**
ক ভাউচার খ ফরমায়েশপত্র
গ ক্যাশমেমো ঘ চালান

৩২. **পরিবার কোন ধরনের প্রতিষ্ঠান?**
ক মুনাফাভোগী খ বেতনভোগী
গ আয়ভোগী ঘ অমুনাফাভোগী

৩৩. **মানুষের মধ্যে দ্রব্যের বিনিময় প্রথা চালু হওয়ার কারণ কোনটি?**
ক চাহিদা বৃদ্ধি খ জনসংখ্যা বৃদ্ধি
গ উৎপাদন বৃদ্ধি ঘ মুদ্রা আবিষ্কার

৩৪. **রেজার নিকট ৫০০ টাকার পণ্য ফেরত দেয়া হলো। এ লেনদেনটি হিসাবভুক্ত করা হবে কোনটি দেখে?**
ক ক্যাশমেমো খ ডেবিট নোট
গ ক্রেডিট নোট ঘ চালান

৩৫. **মালিকের জীবন বিমা প্রিমিয়াম প্রদান ২,০০০ টাকা। লেনদেনটির দ্বারা হিসাব সমীকরণের কি প্রভাবিত হয়েছে?**
ক ব্যয় বৃদ্ধি, সম্পদ হ্রাস খ মূলধন বৃদ্ধি, সম্পদ হ্রাস
গ মূলধন হ্রাস, সম্পদ হ্রাস ঘ ব্যয় বৃদ্ধি আয় হ্রাস

৩৬. **ভাড়া প্রাপ্তি ২,০০০ টাকা। এ লেনদেনটির সাথে ব্যবহৃত প্রামাণ্য দলিল হলো—**
i. ক্রেডিট ভাউচার ii. প্রাপ্তি রসিদ
iii. ক্রেডিট নোট
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৭. **ফার্নিচার ব্যবসায়ী জনাব তামিম ১০০টি টেবিল তৈরির জন্য মোট ১,০০,০০০ টাকা ব্যয় করেন। তিনি মুখ্য ব্যয়ের অন্তর্ভুক্ত করবেন—**
i. কাঠের ক্রয়মূল্য ৮৫,০০০ টাকা
ii. তারকাঁটা ও সিরিষ কাগজের ব্যয় ৫,০০০ টাকা
iii. আন্তঃপরিবহন ১০,০০০ টাকা
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

৩৮. **নিচের কোনটি মুনাফাজাতীয় আয় নয়?**
ক প্রাপ্ত বাট্টা খ প্রাপ্ত ভাড়া
গ পণ্য বিক্রয় ঘ সম্পত্তি বিক্রয়

৩৯. **সমাপনী মূলধন = ?**
ক সমাপনী মোট দায় – প্রারম্ভিক মোট দায়
খ প্রারম্ভিক মোট সম্পদ – প্রারম্ভিক মোট দায়
গ সমাপনী মোট সম্পদ – সমাপনী মোট দায়
ঘ সমাপনী মোট সম্পদ – প্রারম্ভিক মোট সম্পদ

৪০. **কোনো খতিয়ান হিসাবের উভয় দিক আপনা আপনি সমান হয়ে গেলে হিসাবটিকে কী বলা হয়?**
ক আদর্শ খ সমতাপ্রাপ্ত
গ সুসম ঘ জেরবিহীন

Teachingbd.com